



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
উপ-পুলিশ কমিশনার  
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-০৯/১১/২০২০খ্রিঃ

### প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি) কর্তৃক ১০ পিস ইয়াব ট্যাবলেট উদ্ধারসহ  
০১ জন আসামী গ্রেফতার



আজ ০৯/১১/২০২০খ্রি. রংপুর মেট্রোপলিটন কোতয়ালী থানাধীন কেরানীপাড়া এলাকায় অভিযান পরিচালনা করে ১০ পিস ইয়াবা ট্যাবলেটসহ আসামী মোঃ রানা রহমান (২৪)-কে গ্রেফতার করা হয়।

গোপন সংবাদের ভিত্তিতে সহকারী পুলিশ কমিশনার জনাব মোঃ ফারুক আহমেদ এর নির্দেশনায় ও তত্ত্বাবধানে ইন্সপেক্টর এবিএম ফিরোজ ওয়াহিদ এর নেতৃত্বে এসআই(নিঃ) মোঃ গোলাম মোর্শেদ, এসআই ( নিঃ) নাজমুল ইসলাম, এসআই (নিঃ) মোঃ মুরসালিন ইসলাম, কং/ সুজন চন্দ্র, কং/ বাবুল চন্দ্রসহ কোতয়ালী থানাধীন কেরানীপাড়া এলাকায় অভিযান পরিচালনা করে মাদকদ্রব্যসহ আসামী মোঃ রানা রহমান (২৪), পিতা-মোঃ ফজলুর রহমান, মাতা- মোছাঃ মালেকা বেগম, সাং- ধাপ কটকি পাড়া (মন্দিরের পার্শ্বে), বাসা নং-০৬, ওয়ার্ড নং-১৭, থানা- কোতয়ালী, রংপুর মহানগর, রংপুর-কে সন্দেহ জনকভাবে গ্রেফতার করা হয়।

পরবর্তীতে উক্ত আসামীর দেহ তল্লাশী করে তার জিন্স ফুল প্যান্টের সামনের প্যাকেট হইতে নেশা জাতীয় মাদকদ্রব্য ১০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধারসহ তাকে গ্রেফতার করা হয় এবং গ্রেফতারকৃত আসামীসহ পলাতক আসামী মোঃ পিসু (২৫), পিতা-অজ্ঞাত, মাতা-অজ্ঞাত, সাং-শান্তিধারা, কোতয়ালী, মহানগর, রংপুর এর বিরুদ্ধে কোতয়ালী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬ (১) সারণি ১৪(ক)/৪১ ধারায় মামলা রুজু করা হয়।

উল্লেখ্য যে, গ্রেফতারকৃত আসামীর নামে ইতোপূর্বে-

১। রংপুর কোতয়ালী এফআইআর নং-১৬, তারিখ-০৬ মার্চ, ২০১৪, জিআর নং-১৭৮, তারিখ-০৬ মার্চ, ২০১৪, সময়-ধারা- ১৯(f) ১৮৭৮ সালের অস্ত্র আইন এবং

২। রংপুর কোতয়ালী এফআইআর নং-১৭, তারিখ-০৬ মার্চ, ২০১৪, জিআর নং-১৭৯, তারিখ-০৬ মার্চ, ২০১৪, সময়-ধারা- ৩৯৯/৪০২ পেনাল কোড ১৮৬০। দুটি মামলা আছে।

০৯.১১.২০২০  
(মোঃ ফারুক আহমেদ)  
সহকারী পুলিশ কমিশনার  
(ডিবি এন্ড মিডিয়া)  
পক্ষে/পুলিশ কমিশনার  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর  
মোবাইল-০১৭২০-০৭৩৬৭২